



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, fax: 02588853145

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১৪৩৮

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ

facebook ব্যবহার সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজের বিভিন্ন নোটিশ, নির্দেশনা, জাতীয় ও গুরুত্বপূর্ণ দিবসসমূহ উদযাপনের তথ্য, ছবি এবং কলেজের বিভিন্ন কার্যক্রম প্রকাশের জন্য রাজশাহী কলেজ প্রশাসন পরিচালিত 'Rajshahi College official' নামে রাজশাহী কলেজের লোগো সম্বলিত একটি ফেসবুক পেজ রয়েছে। কিন্তু গভীর উদ্বেগের সাথে দেখা যাচ্ছে যে, সম্প্রতি কিছু ব্যক্তি রাজশাহী কলেজের লোগো, বিভিন্ন ভবন এবং স্থাপনার ছবি প্রোফাইল পিকচারে ব্যবহার করে ফেসবুক পেজ পরিচালনা করছে - এর সাথে রাজশাহী কলেজ প্রশাসনের কোন সংশ্লিষ্টতা নেই। এসব ফেসবুক পেজে প্রকাশিত কোনো ছবি, তথ্য বা মন্তব্যের কারণে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি তৈরি হলে রাজশাহী কলেজ প্রশাসন দায়ী থাকবে না। যেসব ব্যক্তি রাজশাহী কলেজের লোগো, ভবন বা স্থাপনার ছবি প্রোফাইল পিকচারে ব্যবহার করে ফেসবুক পেজ পরিচালনা করছে তাদের আগামী ০৫ দিনের মধ্যে পেজের প্রোফাইল পিকচার থেকে রাজশাহী কলেজের লোগো, ভবন বা স্থাপনার ছবি প্রত্যাহারের জন্য নির্দেশ দেওয়া হলো। অন্যথায় আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

১৬/০৭/২০২৪

✓ অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫